

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৮৮৫(আগরতলা ১১।০৮)

আগরতলা, ১১ আগস্ট, ২০২৪

**বিপ্লবী ক্ষুদিরাম বসুর মৃত্যু বার্ষিকী উপলক্ষে রক্তদান শিবির  
রক্তের চাহিদা ও যোগানের মধ্যে সামঞ্জস্য থাকতে হবে : মুখ্যমন্ত্রী**

রক্তের প্রয়োজন যে কোনও সময় হতে পারে। এজন্য রক্তের চাহিদা ও যোগানের মধ্যে সামঞ্জস্য থাকতে হবে। রক্তের যোগান বজায় রাখতে রক্তদান শিবিরের আয়োজন খুবই প্রয়োজন। আজ আগরতলা মেলারমাঠে বিপ্লবী ক্ষুদিরাম সামাজিক সংস্থা আয়োজিত রক্তদান শিবিরের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। উল্লেখ্য, বিপ্লবী ক্ষুদিরাম বসুর মৃত্যু বার্ষিকী উপলক্ষে এই রক্তদান শিবিরের আয়োজন করা হয়। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের মোট জনসংখ্যার অনুপাতে এক শতাংশ রক্তের ইউনিট ব্লাড ব্যাঙ্কগুলিতে থাকা দরকার। ব্লাড ব্যাঙ্কগুলিতে রক্ত পর্যাপ্ত পরিমাণে মজুত থাকলে চিকিৎসা পরিষেবা ও অস্ত্রোপচারে সুবিধা হয়। মুখ্যমন্ত্রী এই ধরনের রক্তদান শিবির আয়োজনের জন্য উদ্যোক্তাদের ধন্যবাদ জানান। এই ধরনের অনুষ্ঠান অন্যদেরও রক্তদানে এগিয়ে আসতে উদ্বুদ্ধ করবে বলে মুখ্যমন্ত্রী অভিমত ব্যক্ত করেন।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে স্বাস্থ্য ব্যবস্থার উন্নয়নে বিশেষভাবে গুরুত্ব দেওয়া হয়েছে। জেলা হাসপাতালগুলিকে শক্তিশালী করতে উন্নত স্বাস্থ্য পরিকাঠামো গড়ে তোলার উদ্যোগ নেওয়া হয়েছে। ইতিমধ্যেই অনেকগুলি ট্রমা সেন্টার চালু করা হয়েছে। তিনি আরও বলেন, আগরতলা গর্ভমেন্ট মেডিকেল কলেজের এমবিবিএস কোর্সের আসন সংখ্যা বৃদ্ধি করা হয়েছে। এজিএমসিতে সুপার স্পেশালিটি বিভাগ চালু করা হয়েছে। রাজ্যে মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনা চালু কিডনী প্রতিস্থাপনে সফল অস্ত্রোপচার সহ আগরতলা গর্ভমেন্ট ডেন্টাল কলেজ, সরকারি নার্সিং কলেজ ইত্যাদি স্বাস্থ্য শিক্ষা পরিকাঠামো উন্নয়নে রাজ্য সরকারের উদ্যোগের কথা মুখ্যমন্ত্রী মেলে ধরেন।

অনুষ্ঠানে অন্যান্য অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, মার্কফেডের ভাইস চেয়ারম্যান সঞ্জয় সাহা, বিশিষ্ট সমাজসেবী কৃষ্ণ ভট্টচার্য প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিপ্লবী ক্ষুদিরাম সামাজিক সংস্থার সম্পাদক যোগাংশু সাহা। অনুষ্ঠানের শুরুতে মুখ্যমন্ত্রী সহ অতিথিগণ বিপ্লবী ক্ষুদিরাম বসুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধাজ্ঞাপন করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী রক্তদাতাদের সাথে মিলিত হয়ে তাদের উৎসাহ প্রদান করেন।

\*\*\*\*\*